১৩

দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN 4.. 1999
পৃষ্ঠা: ৬ কলাম ৭

# লক্ষ্মীপুরে ৬ মাস ধরে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী বন্ধ ঃ লক্ষাধিক পরিবারে খাদ্যাভাব

লক্ষ্মীপুর থেকে জেলা সংবাদদাতা ঃ জেলার চার থানার ২৩৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ৬ মাস যাবৎ শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর গম-চাল বিতরণ বন্ধ রয়েছে। ফলে ১ লাখ ১০ হাজার ১শ' ৪০ জন ছাত্র-ছাত্রী ও তাদের পরিবার চরম খাদ্য সংকটে জীবন কাটাচ্ছে। অনেকে তাদের শিশু-কিশোরদের স্কুলে পাঠানো বন্ধ করে দিয়ে বিভিন্ন ফ্যাক্টরী, ওয়াকসর্প, টেম্পু, রিক্সা ও ভ্যান গাড়ীর শ্রমিক বানিয়ে তাদের কষ্টার্জিত সামান্যতম অর্থের বিনিময়ে পরিবারের ক্ষুদা নিবারণ করছে। লক্ষ্মীপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান, জেলার চার থানার ২৩৬টি প্রাথমিক বিদ্যালয়ের ১ লাখ ৭ হাজার ৬শ' ৮২ একক পরিবার ও ২ হাজার ৪শ' ৫৮ যৌথ পরিবারের শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর জুলাই সেপ্টেম্বর '৯৮ মাসের গম-চাল বিতরণের নির্দেশ গত ২০ ডিসেম্বর তারা পেয়েছেন। গত ৩০ ডিসেম্বর পর্যন্ত জেলার কোথাও কোনো প্রাথমিক বিদ্যালয়ে উক্ত কর্মসূচীর গম-চাল বিতরণ অজ্ঞাত কারণে সম্ভব হয়নি। এ প্রতিনিধি জেলার বিভিন্ন স্থানের প্রকল্পভুক্ত ১২টি প্রাথমিক বিদ্যালয় সরেজমিনে তদন্ত করতে গিয়ে গম-চাল না পাওয়ার অভিযোগ পেয়েছেন।

সর্বগ্রাসী বন্যায় ক্ষতিগ্রস্ত লক্ষ্মীপুর জেলার সোয়া লাখ প্রাইমারী ছাত্র-ছাত্রী গত ৬ মাস যাবৎ তাদের পরিবারের নামে বরাদ্দকৃত গম-চাল না পাওয়ায় বহু স্কুলে উপস্থিতির পরিমাণ হ্রাস, চরম খাদ্য সংকট, কর্মসূচীর আওতাভুক্ত দুস্থ গরীব পরিবারে নেমে এসেছে অসহনীয় দুর্ভোগ, নির্যাতন এমনকি আইন-শৃংখলার অবনতি। অর্থ ও খাদ্য সংকটের কারণে বহু পরিবারে এমনকি সমাজে সম্প্রীতি, সহমর্মিতা, সম্পর্ক বিচ্ছেদের মত ঘটনাও ঘটে যাচ্ছে।

এমতাবস্থায় ভুক্তভোগীরা প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা করছেন।